মুজিবনগর ও গাংনীতে দরিদ্র ও অসহায় বৃদ্ধের মাঝে কম্বল বিতরণ

মুজিবনগরে প্রবীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচির আওতায় শীত নিবারণের এর উপকরণ কম্বল বিতরণ করা হয়েছে।

আজ বুধবার আর সকালে পলাশী পাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) এর আয়োজনে এবং পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন এর অর্থায়নে, এসব কম্বল বিতরণ করা হয়।

পিএসকেএস এর অডিটোরিয়াম পিএসকেএসের মোনাখালী ইউনিয়নের প্রবীন কমিটির সভাপতি আব্দুল মান্নান এর সভাপতিত্বে উপকরণ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোনাখালী ইউনিয়ন পরিষদের সদস্য হাবিবুর রহমান। এছাড়াও উপস্থিত ছিলেন ১ন ওয়াড এর বীর মুক্তিযোদ্ধা আমজাদ আলী, ২নং ওয়াড এর প্রবীণ সভাপতি ইজদান আলী ৩নং ওয়াড এর প্রবীণ সভাপতি অস্কার আলী। আরো উপস্থিত ছিলেন সমৃদ্ধি কর্মসূচি সমন্বয়কারী হাসানুজ্জামান, সমাজ উন্নয়ন কর্মকর্তা মোহাম্মদ রহিম আক্তার।

উপকরণ বিতরণ অনুষ্ঠানের শীত নিবারণের জন্য ৭০ জন বয়োবৃদ্ধ মানুষের মাঝে সমস্ত কম্বল বিতরণ করা হয়।

অপর দিকে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর অর্থায়নে তেঁতুলবাড়ীয়া ইউনিয়নে প্রবীণ জনগোষ্ঠির জীবনমান উন্নয়ন কর্মসূচির আওতায় আজ বুধবার তেঁতুলবাড়ীয়া ইউনিয়নে ৭৫ জন গরীব অসহায় প্রবীনদের মাঝে কম্বল বিতরণ করা হয় ।

উক্ত কম্বল বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি(পিএসকেএস) এর পরিচালক(কর্মসূচি),মোহাঃ কামরুজ্জামান, এসডিও সমৃদ্ধি কর্মসূচি সমন্বয়কারি মোঃ জামিদুল ইসলাম। এ ছাড়াও উক্ত কম্বল বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পিএসকেএস এর সম্মানিত সভাপতি মোঃ রমজান আলী।